খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | **কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরের ৪র্থ ত্রৈ-মাসিক ( এপ্রিল /২০২১-জুন/২০২১) এর সভার কার্যবিবরণী।** |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাহবুবুল ইসলাম, চেয়ারম্যান, কেডিএ, খুলনা। |
| তারিখ ও সময় | : | ১৬ মে /২০২১ বেলা ২.৩০ ঘটিকা |
| স্থান | : | কেডিএ সম্মেলন কক্ষ। |

সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন।

| | | | |
|---|---|---|---|
| ১। | সচিব, কেডিএ, খুলনা। | - | সদস্য |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেডিএ ,খুলনা | - | সদস্য |
| ৩। | অর্থ ও হিসাব রক্ষণ অফিসার ,কেডিএ, খুলনা | - | সদস্য |
| ৪। | জনাব মো: মামুনুল আবেদীন, উপ-পরিচালক (বাজেট ও নিরীক্ষা) কেডিএ, খুলনা। | - | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৫। | জনাব মুনতাসির মামুন, সহকারী প্রকৌশলী , কেডিএ, খুলনা | - | বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৬। | জনাব মোঃ নাজমুল হুদা, সহকারী প্রোগ্রামার,কেডিএ,খুলনা | - | সদস্য |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। মন্ত্রণালয়ে প্রেরিত কেডিএ'র ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল এর খসড়া পরিবীক্ষণ কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। সে অনুযায়ী আলোচনা উপস্থাপন করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন।

| আলোচ্য সূচী নং- ০১ | মন্তব্য/বাস্তবায়ন |
|---|---|
| বিগত ২২/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরের ৩য় ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত সমূহ নিশ্চিত করণ এবং কার্যক্রম বাস্তবায়ন ।<br><br>**আলোচনাঃ**<br><br>সভাপতি বিগত ২২/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরে ৩য় ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত সমূহ নিশ্চিত করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্তঃ**<br><br>বিস্তারিত আলোচনার পর ২২/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরে ৩য় ত্রৈ-মাসিক সভার কার্য বিবরণীতে গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তি/পদ<br>**প্রমাণকঃ**<br>সভার সিদ্ধান্ত, শুদ্ধাচার কার্যক্রম ও সময় সময় কমিটি কর্তৃক চাহিত মোতাবেক তথ্যাদি। |
| **আলোচ্য সূচী নং- ০২** কেডিএ'র ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈ-মাসিক (এপ্রিল-জুন/২০২১) বাস্তবায়ন ও চূড়ান্ত প্রতিবেদন প্রেরণ ।<br><br>**আলোচনাঃ**<br>খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈ-মাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন লক্ষ্যমাত্রা অনুযায়ী যথারীতি মন্ত্রণালয়ে প্রেরণ করা আবশ্যক মর্মে সভায় আলোচনা করা হয় । সে মোতাবেক প্রতিটি শাখা/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা / পিডি অগ্রগতি প্রতিবেদন ২০ জুন /২০২১ তারিখের মধ্যে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন মর্মেও আলোচনা করা হয় ।<br><br>**সিদ্ধান্তঃ**<br><br>বিস্তারিত আলোচনার পর প্রতিটি শাখা/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা / পিডি কেডিএ'র ২০২০-২০২১ অর্থ বছরের | নৈতিকতা কমিটি<br>ও<br>দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তি/পদ/পিডি |

<table>
<tr>
<td>
শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈ-মাসিক ( এপ্রিল- জুন/২০২১) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২০ জুন /২০২১ তারিখের মধ্যে প্রমাণকসহ নৈতিকতা কমিটির নিকট করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো ।<br><br>
<u>আলোচ্য সূচী নং- ০৩</u> **কেডিএ'র ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান ।**<br><br>
<u>আলোচনাঃ</u><br><br>
কেডিএ'তে শুদ্ধাচার প্রতিষ্ঠায় কর্মকর্তা/কর্মচারীদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ " এর নীতিমালার আওতায় শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক কর্মকর্তা পর্যায়ে ডাটা এন্ট্রি কন্ট্রোল সুপারভাইজার জনাব মোঃ হারুনার রশীদকে শুদ্ধাচার পুরস্কার স্বরুপ এক মাসের মূল বেতন ও সার্টিফিকেট প্রদান কর্মচারীর মধ্য হতে ক্যাশিয়ার জনাব মোল্লা মেহেদী হাসানকে শুদ্ধাচার পুরস্কার স্বরুপ এক মাসের মূল বেতন ও সার্টিফিকেট প্রদানের বিষয়ে প্রয়োজনীয় অফিস আদেশ জারি এবং উহা কেডিএ শুদ্ধাচার সেবাবক্সে আপলোড করার সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।<br><br>
<u>সিদ্ধান্তঃ</u><br>
বিস্তারিত আলোচনার পর কর্মকর্তা পর্যায়ে শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক ডাটা এন্ট্রি কন্ট্রোল সুপারভাইজার জনাব মোঃ হারুনার রশীদকে শুদ্ধাচার পুরস্কার স্বরুপ এক মাসের মূল বেতন ও কর্মচারী পর্যায়ে ক্যাশিয়ার জনাব মোল্লা মেহেদী হাসানকে শুদ্ধাচার পুরস্কার স্বরুপ এক মাসের মূল বেতন প্রদান সংক্রান্তে উপ-পরিচালক ( প্রশাসন) অফিস আদেশ জারীরসহ সার্টিফিকেট প্রদানের ব্যবস্থা গ্রহণ করেবেন এবং সহকারী প্রোগ্রামার ওয়েবসাইটে আপলোড এর ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।
</td>
<td>
উপ-পরিচালক<br>( প্রশাসন )ও সহকারী<br>প্রোগ্রামার<br>প্রমাণকঃ অফিস<br>আদেশ ও ওয়েবসাইট
</td>
</tr>
<tr>
<td>
<u>আলোচ্য সূচী নং- ০৪</u> **কেডিএ'র শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর খসড়া অনুমোদন ।**<br><br>
আলোচনাঃ<br><br>
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা খসড়া প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ সংক্রান্তে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১১ মে তারিখের ২৫.০০.০০০০.০২২.১৮.০১৯.১৮২ স্মারক পাওয়া যায় । উক্ত স্মারকের প্রেক্ষিতে মন্ত্রীপরিষদ বিভাগের ওয়েবসাইট থেকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ ডাউন লোড করে উহাতে বর্ণিত কার্যক্রমের বিপরীতে বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ উল্লেখসহ লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কেডিএ'র শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর খসড়া সভায় উপস্থাপন করা হয় । আলোচনান্তে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর প্রণীত খসড়া অনুমোদনের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন ।<br>
<u>সিদ্ধান্তঃ</u><br>
বিস্তারিত আলোচনার পর কেডিএ'র শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর খসড়া অনুমোদন ও মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গ্রহীত হলো ।
</td>
<td>
নৈতিকতা কমিটি<br>ও<br>দায়িত্বপ্রাপ্ত সকল<br>ব্যক্তি/পদ/পিডি
</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ব্রিগে: জেনা: মো: মাহবুবুল ইসলাম
চেয়ারম্যান
কেডিএ, খুলনা
ও
সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।